

9/2/2020

ডাক (১৪) | অফিস ব্যবস্থাপনা

আবু সাঈদ চৌধুরী
সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক
(সিসিএ)
ফোন: +৮৮০ ২ ৫৫০০৬৮১৯
ফ্যাক্স: +৮৮০ ২ ৮১৮১৭১১
ইমেইল:
abu.sayeed@cca.gov.bd

তারিখ: ১০ ভাদ্র ১৪২৭
২৫ আগস্ট ২০২০

আধা-সরকারী পত্র নম্বর: ৫৬.০৩.০০০০.০০২.৯৯.০০১.২০.৫২

প্রিয়,
আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। আপনি অবগত আছেন যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (সংশোধিত ২০১৩) মোতাবেক ২০১১ সালে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একটি সংযুক্ত অফিস হিসেবে ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রকের কার্যালয় (সিসিএ) প্রতিষ্ঠিত হয়। এর মাধ্যমে বাংলাদেশে পৃথিবীর অন্যান্য দেশের ন্যায় Public Key Infrastructure (PKI) অবকাঠামোর অধীনে তথ্যের Confidentiality, Integrity, Authenticity ও Non-repudiation নিশ্চিত করে ডিজিটাল স্বাক্ষরের ব্যবহার শুরু হয়েছে।

০২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন, ২০০৬ (সংশোধিত ২০১৩) এর ৭ ও ৮ ধারায় ইলেক্ট্রনিক স্বাক্ষর ও সরকারি অফিসে ইলেক্ট্রনিক স্বাক্ষর ব্যবহারের আইনানুগ স্বীকৃতি প্রদান করা হয়েছে। সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ১৫ (গ) ক্রমিক ইলেক্ট্রনিক নোটিং, ফাইলিং ও ইলেক্ট্রনিক স্বাক্ষর ব্যবহারের মাধ্যমে সকল অফিসে পর্যায়ক্রমে ইলেক্ট্রনিক অফিস পদ্ধতি চালু করার নির্দেশ প্রদান করা হয়েছে। সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনাস্তরে e-Governance ব্যবস্থাকে নিরাপদ ও সুরক্ষিত করার জন্য ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের কথা বলা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৮ এর কর্ম-পরিকল্পনায় সরকারি গোপনীয় ও সংবেদনশীল তথ্যাবলী আদান-প্রদানের ক্ষেত্রে সুরক্ষা ব্যবস্থা নিশ্চিতকরণে ২০২১ সালের মধ্যে সকল অফিসে ডিজিটাল স্বাক্ষর চালুকরণের বিষয়টি অন্তর্ভুক্ত আছে।

০৩। আপনি অবগত আছেন যে, ইলেক্ট্রনিক/ডিজিটাল জালিয়াতি ও মিথ্যা প্রচারণা রোধে জনগনের সচেতনতা সৃষ্টি, সাইবার নিরাপত্তা বিধান এবং আইনের মধ্যস্থ প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন। এ প্রেক্ষাপটে ডিজিটাল স্বাক্ষর বিশেষ একটি স্বীকৃত মাধ্যম হিসেবে ব্যবহৃত হচ্ছে যা উক্ত ইলেক্ট্রনিক/ডিজিটাল জালিয়াতি প্রতিরোধে অন্যতম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী (মুজিব বর্ষ-২০২০) উদযাপন উপলক্ষ্যে দেশের তনু প্রজন্মকে ডিজিটাল স্বাক্ষর সার্টিফিকেট বিষয়ে অবহিত ও সচেতন করার জন্য সিসিএ কার্যালয় কর্তৃক জাতীয় পর্যায়ে স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ৮ম থেকে দ্বাদশকোতর শ্রেণীর শিক্ষার্থীদের অংশগ্রহণে “ডিজিটাল বিপ্লবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগ ও নিরাপদ ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল স্বাক্ষরের গুরুত্ব” শীর্ষক রচনা প্রতিযোগিতা আয়োজন করছে। এ প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীরা অনলাইন জালিয়াতি প্রতিরোধে ডিজিটাল স্বাক্ষর ব্যবহারের গুরুত্ব সম্পর্কে ধারণা লাভ করবে যা ডিজিটাল স্বাক্ষরের প্রচার ও প্রসারে সহায়ক হবে। উল্লেখ্য যে, সিসিএ কার্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট (www.cca.gov.bd) ও ফেসবুক পেইজে (https://www.facebook.com/ccabangladesh/) প্রচার এবং জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বিজ্ঞপ্তি অনুলিপি সংযুক্ত প্রতিযোগিতার বিষয়ে শিক্ষার্থীদের অবহিত করা হয়েছে এবং লিখিত রচনা ডাক/কুরিয়ারমাধ্যমে অথবা ই-মেইলের মাধ্যমে গ্রহণ করা হবে। প্রতিযোগিতার সকল ব্যয়ভার সিসিএ কার্যালয় কর্তৃক বহন করা হবে।

০৪। এপ্রতাবস্থায়, বর্গিত রচনা প্রতিযোগিতা বিষয়ে আপনার অধিকের স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ৮ম থেকে দ্বাদশকোতর শ্রেণী শিক্ষার্থীদের অবহিতকরণসহ লিখিত রচনা প্রেরণে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

